



BANGLADESH TEXTILE MILLS ASSOCIATION

বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন

Reg. Office: Unique Trade Centre (Level 8), 8, Panthapath, Karwan Bazar, Dhaka-1215, Bangladesh
Corporate Office : Green Meher Tower, House # -12/A, (Level-4), Gulshan North Avenue
Gulshan-2, Dhaka-1212, Phone : 48116358, 222248778, 58156619 E-mail : btmasg@gmail.com,
info@btmadhaka.com, btma2@yahoo.com, Web: www.btmadhaka.com

বিটিএমএ.বি.এস.১৬৭.৯৪৫

অক্টোবর ২৮, ২০২৬

বরাবর
ব্যবস্থাপনা পরিচালক
সকল বাণিজ্যিক ব্যাংক
বাংলাদেশ।

বিষয়: রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রাপ্তির লক্ষ্যে বিটিএমএ কর্তৃক ইস্যুকৃত Certificate of Production for Cash Assistance-এ স্বাক্ষরকারী কর্মকর্তার পদবি পরিবর্তন প্রসঙ্গে।

সূত্র: বিটিএমএ.বি.এস.১৬৭.৭৯৮; তারিখ: সেপ্টেম্বর ১৬, ২০২৬

জনাব,
উপর্যুক্ত বিষয় এবং সূত্রের প্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন (বিটিএমএ) বাংলাদেশ ব্যাংকের এফ.ই. সার্কুলার নং-০৯, তারিখ: ০৫ মার্চ ২০০১-এর নির্দেশনার আলোকে সমিতির সদস্যভুক্ত মিলসমূহের রপ্তানির বিপরীতে প্রযোজ্য নগদ সহায়তা প্রাপ্তির লক্ষ্যে সংশ্লিষ্ট সদস্য প্রতিষ্ঠানের অনুকূলে Certificate of Production for Cash Assistance ইস্যু করে আসছে।

এ প্রসঙ্গে উল্লেখ্য যে, বিটিএমএ-এর পরিচালনা পর্ষদের সেপ্টেম্বর ২০২৬ মাসে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী, সমিতির সেক্রেটারী জেনারেল ব্রিগেডিয়ার জেনারেল মোঃ জাকির হোসেন, এনডিসি, পিএসসি (অব.)-এর পাশাপাশি জয়েন্ট সেক্রেটারী জেনারেল জনাব মুহাম্মদ জিয়াউর রহমান-কে উক্ত সনদপত্রে স্বাক্ষর প্রদানের ক্ষমতা অর্পণ করা হয়।

পরবর্তীতে, বিটিএমএ-এর পরিচালনা পর্ষদের অক্টোবর ২০২৬ মাসে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে জনাব মুহাম্মদ জিয়াউর রহমান পদোন্নতিপ্রাপ্ত হয়ে অ্যাডিশনাল সেক্রেটারী জেনারেল হিসেবে দায়িত্বপ্রাপ্ত হয়েছেন। ফলে, তিনি এখন থেকে তাঁর নতুন পদবি-সংবলিত সীল ব্যবহার করে সমিতি কর্তৃক ইস্যুকৃত Certificate of Production for Cash Assistance-এ স্বাক্ষর প্রদান করবেন। অন্যদিকে, পূর্বের ন্যায় বিটিএমএ-এর সেক্রেটারী জেনারেল ব্রিগেডিয়ার জেনারেল মোঃ জাকির হোসেন, এনডিসি, পিএসসি (অব.) উক্ত সনদপত্রে স্বাক্ষর প্রদান অব্যাহত রাখবেন।

এমতাবস্থায়, সংশ্লিষ্ট ব্যাংকসমূহের রেকর্ড হালনাগাদ, স্বাক্ষর যাচাই এবং নগদ সহায়তা-সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের সুবিধার্থে বিটিএমএ-এর অ্যাডিশনাল সেক্রেটারী জেনারেল জনাব মুহাম্মদ জিয়াউর রহমান-এর সত্যায়িত স্বাক্ষরের নমুনা নিয়ে প্রদান করা হলো:

১।
[Signature]

২।
[Signature]

অতএব, উপর্যুক্ত বিষয়টি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো, যাতে বিটিএমএ কর্তৃক ইস্যুকৃত Certificate of Production for Cash Assistance গ্রহণ, স্বাক্ষর যাচাই এবং সংশ্লিষ্ট নগদ সহায়তা প্রক্রিয়াকরণের কার্যক্রম ত্বরান্বিত হয়।

ধন্যবাদান্তে,

[Signature]
ব্রিগেডিয়ার জেনারেল মোঃ জাকির হোসেন, এনডিসি, পিএসসি (অব.)
সেক্রেটারী জেনারেল, বিটিএমএ

অনুলিপিঃ প্রেসিডেন্ট (ইন-চার্জ), বিটিএমএ